

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি কলেজ-৩ অধিশাখা
www.shed.gov.bd

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০২৬.১৭.

তারিখ: ১৪ কার্তিক ১৪২৪
২৯ অক্টোবর ২০১৭

প্রজ্ঞাপন

যেহেতু, বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা জনাব মোঃ শামসুজ্জামান (১০৪২৬), সহযোগী অধ্যাপক (রসায়ন), ফুলবাড়ী সরকারি কলেজ, দিনাজপুর গত ২৭/০২/২০১৭ তারিখ হতে কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) মোতাবেক “অসদাচরণ” ও “ডিজারশন” এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু হয়;

যেহেতু, তিনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করেন। গত ১১.১০.২০১৭ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। শুনানীতে তিনি জানান যে, তিনি গত ২৫.০২.২০১৭ তারিখে মটর বাইকে তার কর্মস্থল ফুলবাড়ী সরকারি কলেজের যাওয়ার পথে দুর্ঘটনায় তার শরীরের বিভিন্ন স্থানে জখমসহ আঘাত প্রাপ্ত হলে ডাক্তার তাকে ০৩ (তিন) সপ্তাহের জন্য পূর্ণ বিশ্রামে থাকার পরামর্শ দেন। পরবর্তীতে সুস্থ হয়ে ১৯.০৩.২০১৭ তারিখ হতে অদ্যাবধি তার অর্পিত দায়িত্ব অত্যন্ত নিষ্ঠার সাথে পালন করছেন। তিনি অনিচ্ছাকৃত ভুলের জন্য ক্ষমা প্রার্থনা করেছেন। সার্বিক বিবেচনায় তার অননুমোদিত অনুপস্থিত সময়কালকে বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সেহেতু, জনাব মোঃ শামসুজ্জামান (১০৪২৬), সহযোগী অধ্যাপক (রসায়ন), ফুলবাড়ী সরকারি কলেজ, দিনাজপুর এর ব্যক্তিগত শুনানী, শুনানীকালে প্রদত্ত মৌখিক জবাববন্দি, শারীরিক অসুস্থতার বিষয় ও আলোচ্য বিভাগীয় মামলা সংক্রান্ত সকল রেকর্ডপত্র যথাযথভাবে পরীক্ষা-নিরীক্ষা ও পর্যালোচনাপূর্বক তার অননুমোদিত অনুপস্থিত সময়কালকে (২৭.০২.২০১৭ হতে ১৯.০৩.২০১৭)=২৩ দিন বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হলো।


রাষ্ট্রপতির আদেশক্রমে
স্বাক্ষরিত/-
তারিখ: ২৬.১০.২০১৭
(মোঃ সোহরাব হোসাইন)
সচিব

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০২৬.১৭.

তারিখ: ১৪ কার্তিক ১৪২৪
২৯ অক্টোবর ২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব মোঃ শামসুজ্জামান এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। অধ্যক্ষ, ফুলবাড়ী সরকারি কলেজ, দিনাজপুর।
- ৪। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, দিনাজপুর।
- ৮। জনাব মোঃ শামসুজ্জামান (১০৪২৬), সহযোগী অধ্যাপক (রসায়ন), ফুলবাড়ী সরকারি কলেজ, দিনাজপুর।


২৯/১০/২০১৭
(জাকিয়া খানম)
উপসচিব
ফোন: ৯৫৫৩২৭৬